

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
শিল্প মন্ত্রণালয়
শিল্প ভবন এনেক্স বিল্ডিং
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০
www.boiler.gov.bd

নম্বর : ৩৬.১১.০০০০.০০১.০৬.০২৩.১৭.১৫১৪০

তারিখ : ০২/০৭/২০১৮ ইং।

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ
বিজ্ঞপ্তি

দ্বিতীয় শ্রেণির বয়লার পরিচারক যোগ্যতা সনদ পরীক্ষায় অংশ গ্রহণে আগ্রহী প্রার্থীদেরকে জানানো যাচ্ছে যে, পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় হতে ফরম বিতরণ এবং গ্রহণ করা হবে :

কার্যক্রম	তারিখ	সময়
ফরম বিতরণ	০৮/০৭/২০১৮খ্রি. হইতে ২৩/০৭/২০১৮খ্রি. পর্যন্ত	অফিস চলাকালীন সময়
ফরম গ্রহণ	১০/০৭/২০১৮খ্রি. হইতে ২৫/০৭/২০১৮খ্রি. পর্যন্ত	অফিস চলাকালীন সময়

উল্লেখ্য যে, ফেব্রুয়ারী ১৮ইং মাসে উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, রাজশাহীতে আবেদনকৃত প্রার্থীর পূরণায় আবেদন করার প্রয়োজন নাই।

দ্বিতীয় শ্রেণির প্রার্থীর জন্য আবেদনের শর্তাবলীঃ

- প্রার্থীর বয়স ৩০/০৬/২০১৮ ইং তারিখে ন্যূনতম ২১(একুশ) বৎসর হতে হবে।
- প্রার্থীর ন্যূনতম ৩(তিন) বছরের সহকারী বয়লার অপারেটর হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

জ্ঞাতব্যঃ প্রার্থীকে ফরমের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করিতে হবে।

- বয়লারের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক জুলাই - ২০১৮ ইং মাসে ইস্যুকৃত অভিজ্ঞতা সনদপত্রের অনুলিপি।
- বয়স প্রমাণের জন্য জাতীয় পরিচয় পত্র/এসএসসি পাসপোর্টের সনদপত্রের ফটোকপি।
- প্রার্থীর নাগরিকত্ব ও চরিত্রগত সনদপত্রের ফটো কপি।
- প্রার্থীর সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি ছবি।
- ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংকে জমাকৃত চালানের মূল কপি।
(চালানের কোড নং- ১-৩৯৩১-০০০০-২০৩১)।

(মোঃ শরাফত আলী)

বয়লার পরিদর্শক

ও

সদস্য সচিব

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ

বিশেষ দৃষ্টব্য :

- প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েব সাইট হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।
- ভুল তথ্য সম্বলিত অথবা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- আবেদন পত্রের তৃতীয় অংশে একজন গেজেটেড কর্মকর্তা/অনারারী ম্যাজিস্ট্রেটের সম্মুখে আবেদনকারীকে স্ব-হস্তে স্বাক্ষর করতে হবে যা উক্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে।
- আবেদন পত্রের চতুর্থ অংশে প্রতিপাদনকারীর অনুস্বাক্ষর অংশে প্রার্থী যার নিকট থেকে অভিজ্ঞতা সনদ গ্রহণ করবেন তার অনুস্বাক্ষর নিতে হবে।
- প্রার্থীদের প্রথমে বয়লার বিষয়ক ব্যবহারিক তথ্যের উপর লিখিত এবং পরে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- লিখিত পরীক্ষার যোগ্য, অযোগ্য প্রার্থীদের তালিকা এবং পরীক্ষার স্থান ও তারিখ অত্র দপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে প্রকাশ করা হবে।